গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

তারিখ: ৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ২২ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২২৪

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। আবহাওয়ার সতর্কবার্তা:
সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেতও দেখাতে হবে না।

২। আজ ২২ আগস্ট ২০২৪ তারিখ সকাল ০৯:৪৫ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ
ঢাকা, মাদারীপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্বদিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। আজ ২২ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:
সিনপটিক অবস্থা: মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিম বঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী থেকে প্রবল অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ
প্রথম দিন (২২.০৮.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):
বৃষ্টিপাত: ময়মনসিংহ, ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, রাজশাহী ও খুলনা বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
তাপমাত্রা: সারাদেশে দিনের এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

দ্বিতীয় দিন (২৩.০৮.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):
বৃষ্টিপাত: খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, রাজশাহী ময়মনসিংহ ও ঢাকা বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

তৃতীয় দিন (২৪.০৮.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):
বৃষ্টিপাত: ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: বৃষ্টিপাতের প্রবনতা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্টগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩১.৫	৩২.৪	৩৩.৭	২৮.৫	২৭.৮	৩২.০	৩৩.৩	৩০.৮
সর্বনিম্ন তাপমাত্রা	২৪.৬	২৬.০	২৫.১	২৪.৫	২৪.৫	২৪.০	২৬.৪	২৫.৫

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেঁতুলিয়া ৩৩.৭° সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাংগামাটি ও বান্দরবান ২৪.০° সে।
(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ

(০৭ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ/২২ আগস্ট, ২০২৪ খ্রিঃ)

- দেশের উত্তর-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- বিগত ২৪ ঘণ্টায় পূর্বাঞ্চলীয় কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও ফেনী জেলার ভারতীয় ত্রিপুরা সীমান্তবর্তী অঞ্চলে এবং ত্রিপুরা প্রদেশের অভ্যন্তরীণ অববাহিকাসমূহে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত পরিলক্ষিত হয়েছে। ফলে মৌলভীবাজার, হবিগঞ্জ, ফেনী, কুমিল্লা ও চট্টগ্রাম জেলার নিম্নাঞ্চলে বিদ্যমান বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি ঘটেছে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারি বৃষ্টিপাতের প্রবণতা কমে আসতে পারে। এ সময় উত্তর-পূর্বাঞ্চলের মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু, খোয়াই, ধলাই নদী সমূহের সংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতি প্রাথমিকভাবে স্থিতিশীল থেকে পরবর্তীতে উন্নতি হতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারি বৃষ্টিপাতের প্রবণতা কমে আসতে পারে। এ সময় এ অঞ্চলের ফেনী, কুমিল্লা ও চট্টগ্রাম জেলার মুহুরী, ফেনী, গোমতী, হালদা ইত্যাদি নদীসমূহের সংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতি প্রাথমিকভাবে স্থিতিশীল থেকে পরবর্তীতে উন্নতি হতে পারে।
- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা নদ-নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে। আগামী ৪৮ ঘণ্টায় এ সকল নদীর পানি সমতল হ্রাস পেতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

নদ-নদীর অবস্থা

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১১৬	গেজ স্টেশন বন্ধ আছে	০০
বৃদ্ধি	**৫২**	গেজ পাঠ পাওয়া যায়নি	০১
হ্রাস	**৫৮**	মোট তথ্য পাওয়া যায়নি	০১ (পরশুরাম, (মুহরি) যোগাযোগ বিচ্ছিন্ন)
অপরিবর্তিত	**০৫**	বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা	১৪
বন্যা আক্রান্ত জেলার সংখ্যা	**০৫**	**বিপদসীমার উপরে নদীর সংখ্যা**	০৭
বিপদসীমার উপরে নদীসমূহের নাম	কুশিয়ারা, মনু, ধলাই, খোয়াই, গুমতি, ফেনী, হালদা		
বন্যা আক্রান্ত জেলার নাম	মৌলভীবাজার, **হবিগঞ্জ**, **কুমিল্লা**, **ফেনী**, চট্টগ্রাম		

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন:

ক্রঃ নং	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম	মৌসুমী বিপদসীমা (মিটার)	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)
১	কুশিয়ারা	অমরশীদ	সিলেট	১৫.৪০	১৫.৬৩	+৩৭	+২৩
২	কুশিয়ারা	শেওলা	সিলেট	১৩.০৫	১৩.১১	+৩৬	+০৬
৩	কুশিয়ারা	শেরপুর-সিলেট	সিলেট	৮.৫৫	৮.৬০	+০৭	+০৫
৪	কুশিয়ারা	মারকুলী	সুনামগঞ্জ	৭.০৫	৭.১৪	+০৩	+০৯
৫	মনু	মনু রেলওয়ে ব্রিজ	মৌলভীবাজার	১৭.৫৫	১৮.৪৮	-০২	+৯৩
৬	মনু	মৌলভীবাজার	মৌলভীবাজার	১১.৩০	১২.৪৫	+৫০	+১১৫
৭	ধলাই	কমলগঞ্জ	মৌলভীবাজার	১৯.৩৫	১৯.৬৭	-১৪	+৩২
৮	খোয়াই	বাল্লা	হবিগঞ্জ	২১.২০	২৩.৯৬	+৭৯	+২৭৬
৯	খোয়াই	হবিগঞ্জ	হবিগঞ্জ	৯.০৫	১১.০০	+০৫	+১৯৫
১০	গোমতী	কুমিল্লা	কুমিল্লা	১১.৩০	১২.০৭	+১০১	+৭৭
১১	গোমতী	দেবীদ্বার	কুমিল্লা	৮.০৫	৮.১৫	+১২৩	+১০
১২	ফেনী	রামগড়	চট্টগ্রাম	১৬.৯০	১৯.০৮	+১৮৬	+২১৮
১৩	হালদা	নারায়ণহাট	চট্টগ্রাম	১৪.৮০	১৫.৪৮	-৩২	+৬৮

১৪	হালদা	পাঁচপুকুরিয়া	চট্টগ্রাম	৯.০৫	৯.১৯	+১৫১	+১৪

গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বৃষ্টিপাত তথ্য

বাংলাদেশের অভ্যন্তরে:

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
নারায়ণহাট (চট্টগ্রাম)	২০১.০	চট্টগ্রাম	১৮২.০	কুমিল্লা	১৮০.০
রামগড় (চট্টগ্রাম)	১৭১.০	লামা (বান্দরবন)	১৭০.০	ভাগ্যকূল (মুন্সিগঞ্জ)	১৭০.০
কক্সবাজার	১৬২.০	শ্রীমঙ্গল (সিলেট)	১১৩.০	রাঙ্গামাটি	১১২.০
বান্দরবন	১১২.০	চাঁদপুর	১১০.০	সুনামগঞ্জ	৮৫.০
ফরিদপুর	৭৪.০	নোয়াখালী	৭২.০	ব্রাহ্মণবাড়িয়া	৭০.০
কমলগঞ্জ (মৌলভীবাজার)	৬৮.০	দক্ষিণবাগ (মৌলভীবাজার)	৬৫.০	মনু রেলওয়ে ব্রিজ (মৌলভীবাজার)	৬০.০
মৌলভীবাজার	৫৩.০	হবিগঞ্জ	৫২.০	লাটু (সিলেট)	৫০.০

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
আগরতলা (ত্রিপুরা)	২৩৩.০	বিলোনিয়া (দক্ষিণ ত্রিপুরা)	১৪২.০	মনুঘাট (ত্রিপুরা)	১০৩.০
চেরাপুঞ্জি (মেঘালয়)	৯৬.০	কুমারঘাট (ত্রিপুরা)	৯৬.০	কৈলাশহর (ত্রিপুরা)	৪৬.০

৫। গত ২০ আগস্ট ২০২৪ তারিখ থেকে বন্যা পরিস্থিতির সৃষ্টি হওয়ায় ক্ষয়ক্ষতির তথ্যঃ

- বন্যা আক্রান্ত জেলার সংখ্যা ৮টি (ফেনী, কুমিল্লা, চট্টগ্রাম, খাগড়াছড়ি, নোয়াখালী, মৌলভীবাজার, হবিগঞ্জ ও ব্রাহ্মণবাড়ীয়া);
- ৫০ উপজেলা বন্যা প্লাবিত এবং ক্ষতিগ্রস্ত ইউনিয়ন ৩৫৭টি;
- ৮ জেলায় মোট ৪,৪০,৮৪০টি পরিবার পানিবন্দি হয়ে পড়েছে;
- ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা ২৯,০৪,৯৬৪ জন;
- মৃত লোকসংখ্যা ০২ জন (ফেনী- ১ জন ও ব্রাহ্মণবাড়ীয়া ১ জন);
- পানিবন্দি/ক্ষতিগ্রস্ত লোকদের আশ্রয় প্রদানের জন্য মোট ১,৫৩৪ টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে এবং আশ্রয়কেন্দ্রগুলোতে মোট ৭৫,৬৬৮ জন লোক এবং ৭,৪৫৯টি গবাদি পশুকে আশ্রয় দেয়া হয়েছে।
- ৮ জেলার ক্ষতিগ্রস্তদের চিকিৎসা সেবা প্রদানের জন্য মোট ৪৪৪টি মেডিকেল টিম চালু রয়েছে।

বন্যা সম্পর্কিত জেলাভিত্তিক তথ্যঃ

ক্র.নং	জেলার নাম	উপদ্রুত উপজেলার সংখ্যা	উপদ্রুত পৌরসভা ও ইউনিয়ন সংখ্যা	পানিবন্দি পরিবার সংখ্যা	ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা	মৃতের সংখ্যা	আশ্রয়কেন্দ্র খোলার সংখ্যা	মোট আশ্রিত লোক সংখ্যা	আশ্রিত গবাদিপশুর সংখ্যা	মেডিকেল টিম
১	হবিগঞ্জ	৫	২২	৮২৪০	৩৩৪৬৮	০	১১৬	১৪০	০	০
২	ফেণী	৬	৪৮	৭৫০০০	৩০০০০০	১	৭৮	২০০০০	০	৭৬
৩	নোয়াখালী	৮	৮৬	১৮৪৯০০	১৯৮০০০০	০	৩৮৮	৩৬১১৫	৪৭১৪	৮৮
৪	ব্রাহ্মণবাড়ীয়া	৩	৮	১২২০	৫১১১	১	২৭	৩০০	০	৭
৫	চট্টগ্রাম	৯	৯৩	৪৫৯১৬	২০৪৮৫০	০	২৩৯	৩৪১৫	২১৬	১১৬
৬	কুমিল্লা	১২	১২৪	১৫৪৬৬১	১৮৯৬০০	০	৫৮৭	৪৩০২	৬৬৭	৯৪
৭	মৌলভীবাজার	৭	৪৭	৩৬৭১১	১৫২৪২৫	০	৪৭	৪৭৩৮	৩২৪	৪৪
৮	খাগড়াছড়ি	৯	৩০	৪৫৫০০	১৪১৭২০	০	৯৯	১২৯৫২	২৪০২	১৮
৯	রাংগামাটি	৮	২২	১০২৭০	৪১৩২০	০	১৭৭	১৯০৩	০	২০
১০	সুনামগঞ্জ	১২	৯২	০	০	০	৭৭৭	০	০	১০১
১১	লক্ষ্মীপুর	৫	৫৬	১২০৯০০	৬০৪৫০০	০	১৮৫	৪৯০৫	০	৬৪
১২	সিলেট	৩	১৫	১২৬২০	৬৩৭২২	০	৬৫১	১৮	০	১১৮
১৩	চাঁদপুর	৮	০	০	৩২৪৪০	০	০	৯৫	০	০
	সর্বমোট	**৯৫**	**৬৪৩**	**৬৯৫৯৩৮**	**৩৭৪৯১৫৬**	**২**	**৩৩৭১**	**৮৮৮৮৩**	**৮৩২৩**	**৭৪৬**

বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ত্রাণ সামগ্রীর বিবরণঃ

ক্র.নং	জেলার নাম	ত্রাণ কার্য (নগদ) বরাদ্দের পরিমান (টাকা)	ত্রাণ কার্য (চাল) বরাদ্দের পরিমান (মে.টন)	শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমান (প্যাকেট/বস্তা)
১	চট্টগ্রাম	১৫,০০,০০০/-	১,৬০০	-

২	কুমিল্লা	২৫,০০,০০০/-	১,৬০০	-
৩	ফেনী	৪২,০০,০০০/-	১,৪০০	৩,০০০
৪	নোয়াখালী	২৫,০০,০০০/-	১,৬০০	-
৫	সিলেট	২৫,০০,০০০/-	২,১০০	৪,০০০
৬	মৌলভীবাজার	১০,০০,০০০/-	১,৮৫০	১,০০০
৭	হবিগঞ্জ	২৫,০০,০০০/-	১,৯০০	৩,০০০
৮	ব্রাহ্মণবাড়ীয়া	১৫,০০,০০০/-	১,৬০০	-
	মোট	**১,৮২,০০,০০০/-**	**১৩,৬৫০**	**১১,০০০**

এছাড়া দেশের সকল জেলায় পর্যাপ্ত ত্রাণ সামগ্রী মজুদ রয়েছে।

৬। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২০ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২১ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	২	৩	০
২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	চট্টগ্রাম	০	০	০
৭।	খুলনা	০	০	০
৮।	রংপুর	১	০	০
	মোট	**৫**	**৩**	**০**

২২-০৮-২০২৪

জাহিদ হাসান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)

৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

স্মারক নম্বর:

তারিখ: ৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;

৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;

৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;

৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ;

৬। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

৭। বিভাগীয় কমিশনার (সকল);

৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;

৯। জেলা প্রশাসক (সকল);

১০। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

১২। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং

১৩। সহকারী পরিচালক (সকল)।

২২-০৮-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা